



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/6/2022

গভর্নর ক্যাথি হোকল

MYPAYROLLHR কেলেঙ্কারি ফাঁস হওয়ার পর এই সময়ে পে-রোল পরিষেবা প্রদানকারী শিল্প সম্পর্কে অধ্যয়ন পরিচালনার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

S.3577/A.7786 আইনটি আর্থিক পরিষেবা বিভাগের জন্য তৃতীয়-পক্ষ পে-রোল পরিষেবা প্রদানকারীদের সম্পর্কে একটি অধ্যয়ন পরিচালনা করা আবশ্যিক করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ S.3577/A.7786 আইনে স্বাক্ষর করেছেন যেখানে আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) জন্য পে-রোল পরিষেবা প্রদানকারী শিল্প সম্পর্কে একটি অধ্যয়ন পরিচালনা করা আবশ্যিক করা হয়েছে, যা এমন সময়ে ঘটছে যখন MyPayrollHR কেলেঙ্কারির কথা সামনে এসেছে যেটি কর্মীদের ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বড় ধরনের আর্থিক ব্যাঘাত সৃষ্টি করেছে। এই শিল্পের স্বাস্থ্য এবং ভোক্তাদের জন্য পর্যাপ্ত সুরক্ষা বিদ্যমান থাকার বিষয়টি নিশ্চিত করতে, ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশনের (Department of Taxation) সাথে পরামর্শক্রমে, আর্থিক পরিষেবা বিভাগ বিমা অথবা ঝুঁকি প্রশমনকারী অন্যান্য সরঞ্জাম এবং এসব পরিষেবা সরবরাহকারী তৃতীয়-পক্ষ পে-রোল পরিষেবা প্রদানকারীদের সম্পর্কে একটি অধ্যয়ন পরিচালনা করবে। এরপর সুপারিন্টেন্ডেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস গভর্নর, সিনেটের অস্থায়ী প্রেসিডেন্ট এবং অ্যাসেম্বলির স্পিকারের কাছে অধ্যয়নের ফলাফল ও সুপারিশগুলো উল্লেখপূর্বক একটি রিপোর্ট জমা দিবেন।

"MyPayrollHR ভেঙ্গে পড়ার ফলে কর্মীরা ও ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের মালিকরা প্রবল ক্ষতির সম্মুখীন হয়েছেন এবং কী কারণে এই সংকট সৃষ্টি হয়েছে সে বিষয়টি অনুধাবনের জন্য আমাদের সব তথ্য পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "যেকোনো প্রক্রিয়ার প্রথম ধাপ হলো কী ঘটছে সে সম্পর্কে সব তথ্য একত্রিত করা, এবং সেই তথ্য ব্যবহার করে সামনে এগিয়ে যাওয়ার একটি পরিকল্পনা তৈরি করা এবং এই আইনে ঠিক সেই কাজটিই করা হবে।"

2019 সালে ফেডারেল কর্তৃপক্ষগুলো জানতে পারে যে আপস্টেট নিউ ইয়র্কের পে-রোল ব্যবস্থাপনা কোম্পানি, MyPayrollHR-এর প্রেসিডেন্ট 26 মিলিয়ন ডলারের পে-রোল তহবিল তার ব্যক্তিগত অ্যাকাউন্টে সরিয়ে নিয়েছেন। এর ফলে MyPayrollHR-এর অ্যাকাউন্টগুলো ফ্রিজ হয়ে যায়, এবং অস্তিত্বহীন তহবিলের বিপরীতে ইস্যু করা পে-চেক বিতরণ করা হতে থাকে। এরপর এসব লেনদেন রিভার্স হয়ে যায়, যার ফলে সংশ্লিষ্ট কর্মীদের ব্যাপক পরিমাণে ওভারড্রাফট ফি বহন করতে হয়। এই আইন নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগের জন্য

ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফাইন্যান্সের সাথে এই শিল্প সম্পর্কে একটি অধ্যয়ন পরিচালনা করার জন্য কাজ করা আবশ্যিক করবে, যা এই ঘটনা পর্যালোচনা করা এবং সম্ভাব্য কী কী প্রতিরোধমূলক কৌশল থাকতে পারে সে বিষয়টি দেখার ক্ষেত্রে গৃহীত প্রথম পদক্ষেপ।

স্টেট সিনেটর নিল ডি. ব্রেসলিন বলেন, "2019 সালে ঘটে যাওয়া MyPayroll HR স্ক্যান্ডাল, যা হাজার হাজার কর্মচারী ও ক্ষুদ্র ব্যবসার নিয়োগকারীদেরকে তাদের পেমেন্ট বা তহবিল থেকে বঞ্চিত করেছে, ফাঁস হওয়ার পর থেকে এই বিষয়টি ব্যাপকভাবে সুস্পষ্ট হয়ে গেছে যে এধরনের পরিস্থিতির পুনরাবৃত্তি না ঘটা নিশ্চিত করতে ভোক্তাদের জন্য বাড়তি কী সুরক্ষামূলক পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সে বিষয়টি নির্ণয় করতে আমাদের পে-রোল পরিষেবা প্রদানকারী শিল্পকে নিরীক্ষা করে দেখা প্রয়োজন। এই গুরুত্বপূর্ণ বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন এ. কাহিল বলেন, "তিন বছর আগে আমরা একটি পে-রোল কোম্পানির নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলো ও কর্মচারীদের কাছ থেকে কয়েক মিলিয়ন ডলার চুরি করে নেয়ার বিভীষিকাময় ঘটনা প্রত্যক্ষ করেছি। পরিবারগুলো কিভাবে তাদের ভাড়া ও বিল পরিশোধ করবে তা বুঝতে পারছিল না কারণ তারা বেতনের দেখা পাচ্ছিল না এবং তাদের নিয়োগকারীরা হারিয়ে যাওয়া অর্থ প্রতিস্থাপন করছিল না। আর কোনো পরিবার যাতে সেই পরিস্থিতির সম্মুখীন না হয় আমরা সে বিষয়টি নিশ্চিত করতে চাই। একারণেই এটি কিভাবে ঘটেছে এবং কোনো ব্যক্তিকে যাতে পুনরায় তার পে-চেক হারাতে না হয় সে বিষয়টি নিশ্চিত করতে আমরা কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারি তা দেখার জন্য আমাদেরকে অবশ্যই তৃতীয়-পক্ষ পে-রোল পরিষেবা শিল্পের প্রতি গভীরভাবে দৃষ্টিপাত করতে হবে। এই বিলে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে আমাদের অধিবাসীদের সুরক্ষিত রাখার ক্ষেত্রে আমাদের সঙ্গে যোগদান করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি এবং আমি এই অধ্যয়ন সম্পূর্ণ হওয়ার জন্য অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)